দৈনিক ইত্তেফাক

তারিখ ... OCT 1988
পৃষ্ঠা ... কলাম ...

011

## জাতীয় শিক্ষাক্রম ও টেক্সটবুক বোর্ড

টেক্সটবুক ভবন, ৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি নং ৫৮০ তারিখ : ২৪-৯-১৯৮৮

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাথমিক পর্যায়ের ১ম শ্রেণী থেকে ৫ম শ্রেণীর বিনামূল্যের পাঠ্যপুস্তক সরবরাহের ব্যবস্থাদি সম্পন্ন হয়েছে। বিগত ৫ই সেপ্টেম্বর, ১৯৮৮ তারিখ থেকে পাঠ্যপুস্তক সরবরাহের ব্যবস্থাদি গ্রহণ করা হয়েছিল, কিন্তু দেশব্যাপী ভয়াল বন্যার কারণে পাঠ্যপুস্তক সরবরাহ করা সম্ভবপর হয়নি। সম্প্রতি ঢাকার সাথে বিভিন্ন জেলার যোগাযোগ ব্যবস্থা চালু হওয়ায় প্রাথমিক শিক্ষা পরিদপ্তরের সহযোগিতায় বিভিন্ন জেলায় পাঠ্যপুস্তক সরবরাহের কাজ পূর্ণ উদ্যমে শুরু হয়েছে। পাঠ্যপুস্তকের সরবরাহ কোথাও পাওয়া না গেলে সঙ্গে সঙ্গে তা অত্র বোর্ড ও প্রাথমিক শিক্ষা পরিদপ্তরে জানানোর জন্য অনুরোধ করা হলো।

এ ব্যাপারে শিক্ষা কর্মকর্তা, শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষার সাথে সংশ্লিষ্ট সকলের অকুণ্ঠ সহযোগিতা আমরা কামনা করি।

চেয়ারম্যান,
জাতীয় শিক্ষাক্রম ও টেক্সটবুক বোর্ড,
ঢাকা, ফোন নং : ২৩৫২৩০।

ডি,এফ,পি - (স)১১৭৯৯/২৫/৯ স—২৪৮২

0802103201
0802193201
0803